# Diclofen® Gel

## Diclofenac Sodium

**Description:** Diclofenac Sodium is a non steroidal anti inflammatory drug which has analgesic, antipyretic and anti-inflammatory actions.

**Mode of action:** Diclofenac non-selectively inhibits cyclo-oxygenase enzyme as a result it inhibits prostaglandin synthesis and shows analgesic, antipyretic and anti-inflammatory properties.

**Pharmacokinetics:** Diclofenac is well absorbed from skin after local administration of Diclofenac gel & 6% of total dose applied is absorbed. Maximum plasma concentration of Diclofenac gel is about 100 times lower than oral administration of Diclofenac. The mean elimination half-life is 1-2 hours. Peak plasma concentration is achieved within 6 1/2 hours.

**Composition: Diclofen® Gel:** Each gram contains Diclofenac Diethylamine BP 11.61 mg equivalent to Diclofenac Sodium 10 mg.

**Indications:** Rheumatoid arthritis, Osteoarthritis, Ankylosing spondylitis, pain following surgery and any other joint pain. Diclofenac gel is also indicated for local treatment of traumatic inflammation of the tendons, ligaments, muscles and joints.

**Dosage & administration:** 6-8 gm daily in 3-4 divided dosage at least for 14 days.
Before application of **Diclofen® Gel** the skin should be clean and dry. Apply the gel on site of inflammation, rubbing lightly on the skin surface until the gel disappears.

**Contraindications:** Patients with hypersensitivity to Diclofenac, Aspirin or any other NSAIDs, Lidocaine etc. are contraindicated to use this drug. Patients with peptic ulcer and gastrointestinal bleeding are also contraindicated to use this drug.

**Side effects:** Diclofenac is well tolerated, but the common side effects are epigastric pain, nausea, headache, dizziness and diarrhoea.

**Use in pregnancy & lactation:** Diclofenac should not be used during pregnancy, USFDA pregnancy category D. Very small quantities of Diclofenac may be detected in breast milk, but no undesirable effects on the infant are to be expected.

**Precautions:** Diclofenac should not be used in children for other reasons than Juvenile Rheumatoid arthritis. Do not apply on wound or torn skin surface. Do not use lotion and other cosmetics on the site after use of Diclofenac. Avoid exposure to sun and UV rays.

**Drug interactions:**
Concomitant ingestion with Aspirin lowers the plasma concentration of each other. Diclofenac increases the plasma concentrations of Digoxin, Methotrexate and antagonize the activity of diuretics.

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 25° C temperature and protected from light.

**Packaging:**
**Diclofen® Gel:** Each carton contains a tube having 20 gm gel.

# ডাইক্লোফেন® জেল

## ডাইক্লোফেনাক সোডিয়াম

**বিবরণ:** ডাইক্লোফেনাক সোডিয়াম হলো একটি নন্‌স্টেরয়েডাল এন্টিইনফ্লামেটরি ওষুধ, যার ব্যথানাশক, জ্বর ও প্রদাহ বিরোধী ক্রিয়া রয়েছে।

**কার্যপদ্ধতি:** ডাইক্লোফেনাক সাইক্লোঅক্সিজিনেস এনজাইমকে বাধা দান করে, ফলে প্রোস্টাগ্ল্যানডিন-এর সংশ্লেষণ বাধাপ্রাপ্ত হয় এবং ব্যথানাশক জ্বর ও প্রদাহরোধী ক্রিয়া প্রদর্শন করে।

**উপাদান: ডাইক্লোফেন® জেল:** প্রতি গ্রাম-এ রয়েছে ১১.৬১ মিলিগ্রাম ডাইক্লোফেনাক ডাইইথাইল অ্যামিন বিপি যা ১০ মিলিগ্রাম ডাইক্লোফেনাক সোডিয়াম এর সমতুল্য।

**নির্দেশনা:** ডাইক্লোফেনাক জেল রিউমাটয়েড আর্থ্রাইটিস, অস্টিওআর্থ্রাইটিস, অ্যানকাইলোজিং স্পন্ডিলাইটিস, অস্ত্রোপচার পরবর্তী ব্যথা এবং অন্য যেকোনো জয়েন্ট-এর ব্যথায় নির্দেশিত। এটি টেন্ডন, লিগামেন্ট, পেশী ও অস্থিসন্ধির প্রদাহ নিরাময়ের জন্যও নির্দেশিত।

**মাত্রা ও ব্যবহারবিধি:** রোগের মাত্রা ও ধরনের উপর ভিত্তি করে দৈনিক ৩-৪ বার কমপক্ষে ১৪ দিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য। **ডাইক্লোফেন® জেল** পরিষ্কার এবং শুষ্ক ত্বকে প্রয়োগ করা উচিত। প্রদাহের জায়গায় **ডাইক্লোফেন® জেল** প্রয়োগ করুন এবং পুরোপুরি মিশে যাওয়া পর্যন্ত হালকাভাবে প্রয়োগ করুন।

**বিরুদ্ধ ব্যবহার:** ডাইক্লোফেনাক-এর প্রতি অতিসংবেদনশীল এবং যে সমস্ত রোগী এসপিরিন ও অন্য কোনো নন্‌স্টেরয়ডাল প্রদাহরোধী ওষুধের প্রতি অতিসংবেদনশীল, সক্রিয় অথবা আশংকাজনক পেপটিক আলসার, পরিপাকতন্ত্রে রক্তক্ষরণ এবং যে সমস্ত রোগী লিডোকেইন-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে এটি দেওয়া যাবে না।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** ডাইক্লোফেনাক সাধারণত সুসহনীয় তবে নিয়মিত উপসর্গগুলো হলো পাকস্থলিতে জ্বালাপোড়া, বমি বমি ভাব, মাথা ব্যথা, মাথা ঝিম ঝিম করা এবং ডায়রিয়া।

**গর্ভাবস্থা এবং স্তন্যদানে ব্যবহার:** ডাইক্লোফেনাক এর ইউএসএফডিএ (USFDA) প্রেগন্যান্সি ক্যাটাগরি ডি।
গর্ভাবস্থায় ডাইক্লোফেনাক ব্যবহারযোগ্য নয়, তথাপি অন্য কোন উপায় না থাকলে কেবলমাত্র তখনই ব্যবহার করা যেতে পারে। এটি খুব অল্প পরিমাণে মাতৃদুগ্ধে পাওয়া যায় তাই কোন পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি হয় না।

**সতর্কতা:** গর্ভাবস্থা এবং স্তন্যদানকালে শুধুমাত্র অত্যাবশ্যকীয় কারণে ব্যবহারযোগ্য। শিশুদের ক্ষেত্রে জুভেনাইল রিউমাটয়েড আর্থ্রাইটিস ব্যতীত ব্যবহার নিষিদ্ধ। ক্ষতস্থানে প্রয়োগ করা উচিৎ নয় এবং জেলটি ব্যবহারের পরে ঐ স্থানে লোশন এবং অন্যান্য প্রসাধনী ব্যবহার করা থেকে বিরত থাকা উচিত। সূর্য এবং আল্ট্রাভায়োলেট রশ্মি এড়িয়ে চলা উচিত।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** অ্যাসপিরিন এসিডের সাথে একত্র ব্যবহারে একে অন্যের প্লাজমা মাত্রা কমায়। ডাইক্লোফেনাক ডিজক্সিন, মেথোট্রেক্সেটের প্লাজমা ঘনত্ব বাড়ায়, ডাইইউরেটিক্স-এর কার্যক্ষমতা কমায়।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। ২৫° তাপমাত্রার নিচে এবং আলো থেকে দূরে শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা:**
**ডাইক্লোফেন® জেল:** প্রতিটি কার্টনে একটি টিউবে আছে ২০ গ্রাম জেল।

0911-01

Opsonin
Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.